# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৫তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | ঃ | ড. মোঃ কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| **সভার তারিখ ও সময়** | ঃ | ১২ সেপ্টেম্বর ২০১৯, সকাল ১১.০০ টা। |
| **সভার স্থান** | ঃ | ০১ (এক) নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেইট । |
| **সভায় উপস্থিতির তালিকা** | ঃ | "পরিশিষ্ট-ক" দ্রষ্টব্য। |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব কিংকর চন্দ্র দাস, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য জনাব ড. মোঃ আতাউর রহমান হাওলাদার, অতিরিক্ত পরিচালক, মাঠ মূল্যায়ন, পরিকল্পনা ও মনিটরিং, বীজ প্রত্যয়ন এজেন্সিকে অনুরোধ করেন।

**আলোচ্য বিষয় ১ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৪তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর ৯৪তম সভা ৪ এপ্রিল ২০১৯ রোজ বৃহস্পতিবার ১০.০০ ঘটিকায় ড. মোঃ কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র প্রশিক্ষণ বিল্ডিং এর প্রশিক্ষণ হল এ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সির ০৫ মে ২০১৯ খ্রিঃ তারিখের ১২.৮০৬.০২২.০১.০০.০০৫.২০১১-৮৮৮ সংখ্যক স্মারক মুলে কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন লিখিত মতামত পাওয়া যায়নি এবং অদ্যকার সভায় কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় কার্যবিবরণীটি পরিসমর্থনের সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৪তম সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে পরিসমর্থন করা হল।**

**আলোচ্য বিষয় ২ঃ বোরো ২০১৮-১৯ মৌসুমে ধানের হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

বোরো ২০১৮-১৯ মৌসুমে হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য ২৯টি বীজ কোম্পানী /প্রতিষ্ঠান কর্তৃক মোট ৫৫টি হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করা হয়েছে, যা নিম্ন ছকে দেয়া হল।

<u>টেবিল-১: ১ম বর্ষ ৩৩টি ঃ</u>

| ক্র:নং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | বর্ষ | উৎস/দেশ |
|---|---|---|---|---|
| ১. | Petrochem Agro-Industries Limited | ARBH-18030 | ১ম বর্ষ | ভারত |
| ২. | Petrochem Agro-Industries Limited | Pioneer 27P37 | ১ম বর্ষ | ভারত |
| ৩. | Millienium Trading | বংগরাজ (দীপিকা) | ১ম বর্ষ | ভারত |
| ৪. | Millienium Trading | পংখীরাজ (YL-৪০৪) | ১ম বর্ষ | চায়না |
| ৫. | 3s Agro Services Limited. | SAVA 23 | ১ম বর্ষ | ভারত |
| ৬. | 3s Agro Services Limited. | SAVA 81 | ১ম বর্ষ | ভারত |
| ৭. | ACI agro link Limited | ACI Hybrid dhan-16 (INDAM 300-005) | ১ম বর্ষ | ভারত |
| ৮. | ACI Formulations Limited | ACI Hybrid dhan-17 (BH-81) | ১ম বর্ষ | নিজস্ব |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | ACI Limited | ACI Hybrid dhan-13 (GA-1702) | ১ম বর্ষ | চায়না |
| ১০. | ACI Limited | ACI Hybrid dhan-14 (FL-1849) | ১ম বর্ষ | চায়না |
| ১১. | ACI agro link Limited | ACI Hybrid dhan-15(ARBH-18060) | ১ম বর্ষ | ভারত |
| ১২. | CPC Seeds | CPC Hybrid dhan-1 (RXEL-44) | ১ম বর্ষ | ভারত |
| ১৩. | Xplore Business Limited | Xplore Hybrid dhan-3 F1 | ১ম বর্ষ | ভারত |
| ১৪. | Xplore Business Limited | Xplore Hybrid dhan-2.F1(INDAM 10-412) | ১ম বর্ষ | ভারত |
| ১৫. | Partex Agro Ltd | Partex Hybrid dhan-08 (ARBH-180001) | ১ম বর্ষ | ভারত |
| ১৬. | Partex Agro Ltd | Partex Hybrid dhan-07 (JKRH-09) | ১ম বর্ষ | ভারত |
| ১৭. | Aftab Bahumukhi Farms Ltd (Jahurul Islam Company) | Aftab Hybrid dhan-2 (RXLL 52) | ১ম বর্ষ | ভারত |
| ১৮. | Aftab Bahumukhi Farms Ltd (Jahurul Islam Company) | Aftab Hybrid dhan-1 (CR 89) | ১ম বর্ষ | চায়না |
| ১৯. | Auto Crop Care Limited | Accl -2 (ARBH-18033) | ১ম বর্ষ | ভারত |
| ২০. | Sonali Agro Firm | সোনালী-১ (Sonali-1) | ১ম বর্ষ | চায়না |
| ২১. | Sonali Agro Firm | সোনালী-২ (Sonali-2) | ১ম বর্ষ | চায়না |
| ২২. | Mollika Seed Company | মল্লিকা-১ (FL-210) | ১ম বর্ষ | চায়না |
| ২৩. | Bagrow Company Ltd | লক্ষী (HQ 002) | ১ম বর্ষ | চায়না |
| ২৪. | Bagrow Company Ltd | প্রজাপতি (KPHB-02) | ১ম বর্ষ | ভারত |
| ২৫. | Supreme Seed company Ltd | সুপ্রীম হাইব্রিড হীরা-২৭ (RRX-336) | ১ম বর্ষ | ভারত |
| ২৬. | Mitali Agro Seed Industries | মিতালী হাইব্রিড সুবর্ণ-৪ ( HSD-1390 ) | ১ম বর্ষ | নিজস্ব |
| ২৭. | Brac seed and Agro Enterprise | ব্র্যাক হাইব্রিড ধান-১৭ (BHR-049) | ১ম বর্ষ | নিজস্ব |
| ২৮. | Lal Teer Seed Limited | LTHR-2 | ১ম বর্ষ | চায়না |
| ২৯. | Lal Teer Seed Limited | LTHR-3 (Tia Super-1802) | ১ম বর্ষ | চায়না |
| ৩০. | North South Seed Limited | NSSL-7 (ARBH-18066) | ১ম বর্ষ | ভারত |
| ৩১. | North South Seed Limited | NSSL-8 (ARBH-18074) | ১ম বর্ষ | ভারত |
| ৩২. | MAHYCO BANGLADESH PRIVATR LTD | RXEL-45 | ১ম বর্ষ | ভারত |
| ৩৩. | National Agri Care Import & Export Limited | Hybrid Rice Seed BangoRaj-3 (Jin you-923) | ১ম বর্ষ | চায়না |

টেবিল-২: ২য় বর্ষ ২২টি ঃ

| ক্র:নং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | বর্ষ | উৎস/দেশ |
|---|---|---|---|---|
| ১. | Bayer CropsScience Ltd | হাইব্রিড ধান অ্যারাইজ আইএনএইচ ১৭১৪৪ (বায়ার হাইব্রিড-৭) | ২য় বর্ষ | ভারত |
| ২. | Bagrow Company Ltd | রংধনু-২ (SQ-01) | ২য় বর্ষ | চায়না |
| ৩. | Supreme Seed company Ltd | সুপ্রীম হাইব্রিড হীরা-২৩ (HS-381) | ২য় বর্ষ | চায়না |
| ৪. | Mitali Agro Seed Industries | মিতালী হাইব্রিড সুবর্ণ-৩ ( HSD-1018 ) | ২য় বর্ষ | নিজস্ব |
| ৫. | Lal Teer Seed Limited | LTHR-1 | ২য় বর্ষ | নিজস্ব |
| ৬. | National Agri Care Import & Export Limited | Hybrid Rice Seed National-2 (CQR-28) | ২য় বর্ষ | চায়না |
| ৭. | National Agri Care Hybrid Seeds Ltd. | Hybrid Rice Seed Janak Raj-3 (Q-19) | ২য় বর্ষ | চায়না |
| ৮. | National Agri Care Hybrid Seeds Ltd. | Hybrid Rice Seed Janak Raj-2 (Q-15) | ২য় বর্ষ | চায়না |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | Nilsagar Seed & Tissue Culture Ltd. | নীল সাগর হাইব্রিড ধান -১ (Nil-101) | ২য় বর্ষ | চায়না |
| ১০. | Nilsagar Seed & Tissue Culture Ltd. | নীল সাগর হাইব্রিড ধান -২ (Nil-102) | ২য় বর্ষ | চায়না |
| ১১. | MAHYCO BANGLADESH PRIVATE LTD | RXML-38 | ২য় বর্ষ | ভারত |
| ১২. | ISPAHANI AGRO LIMITED | ইস্পাহানী-৯ (NPH-2003) | ২য় বর্ষ | ভারত |
| ১৩. | Metal Agro Limited | HRM-1508 (Agrani-8) | ২য় বর্ষ | চায়না |
| ১৪. | Metal Agro Limited | HRM-807 (SHARATHI-15) | ২য় বর্ষ | চায়না |
| ১৫. | MC Donald Seeds Limited | MC Donald Seed Hybrid dhan-1 (PD-901) | ২য় বর্ষ | ভারত |
| ১৬. | Partex Agro Ltd | Partex Hybrid dhan-03 (Q-32) | ২য় বর্ষ | চায়না |
| ১৭. | Auto Crop Care Limited | Accl -1 (SHX 015) | ২য় বর্ষ | ভারত |
| ১৮. | Krishibid Seed Limited | কৃষিবিদ সিড হাইব্রিড ধান-৫(KFR-302) | ২য় বর্ষ | চায়না |
| ১৯. | Surovi Agro Industries Limited | সুরভী হাইব্রিড হীরা-২ (FL-7553) | ২য় বর্ষ | চায়না |
| ২০. | Surovi Agro Industries Limited | সুরভী হাইব্রিড -১ (RXEL-34) | ২য় বর্ষ | ভারত |
| ২১. | Syngenta Bangladesh Limited | Hybrid dhan Syngenta S-L 1206 (NK 17230) | ২য় বর্ষ | ভারত |
| ২২. | EnP solutions Limited | SL -20H | ২য় বর্ষ | ফিলিপাইন |

উক্ত ২৯টি কোম্পানির হাইব্রিড জাতের সাথে ৩টি চেক জাতসহ মোট ৫৫টি জাত ৩টি সেটে ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। সেটে (কোড নং H-1278 থেকে H-1341) ৫৫টি লাইন বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরীপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়ন কোডভিত্তিক ফলাফল Computerized mean performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। সকল সদস্যবৃন্দের উপস্থিতিতে সভায় গোপনীয় কোড উন্মুক্ত করা হয়। দ্বিতীয় বর্ষে যাচাইকৃত ২২টি জাত এর মাঠ মূল্যায়ন কোডভিত্তিক ফলাফল Compilation পূর্বক সভায় উপস্থাপণ করা হয়। প্রস্তাবিত ২২টি জাতের ফলন চেক জাত (ব্রি ধান২৮ ও ব্রি ধান২৯) চেয়ে ১৬ টি জাতের ফলন ২০% বেশী হয়েছে এবং চেক জাত (ব্রি হাইব্রিড ধান৫) চেয়ে ৮ টি জাতের ফলন ১০% বেশি হয়েছে। ড. মো: জাকির হোসেন, উপ-পরিচালক (মান নিয়ন্ত্রণ) বলেন, বোরো ধানের হাইব্রিড ট্রায়ালে হাইব্রিডের নিবন্ধনের পদ্ধতি অনুযায়ী, "প্রস্তাবিত হাইব্রিড জাত মূল্যায়ন কর্মসূচিতে দেশীয়ভাবে উদ্ভাবিত সেই ফসলের একটি হাইব্রিড (যদি থাকে) এবং কমপক্ষে একটি মুক্ত পরাগায়িত জাত স্ট্যান্ডার্ড চেক হিসেবে গ্রহণ করে টেস্ট ডিজাইন করতে হবে"। জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী চলতি মৌসুম থেকে মুক্ত পরাগায়িত জাত ও হাইব্রিড জাত চেক হিসেবে ব্যবহৃত হয়েছে। ২২টি জাতের ফলন বিষয়ে কমিটির সদস্যগণ মত প্রকাশ করেন যে, চলতি মৌসুমে হাইব্রিড ও ইনব্রিড চেক হিসেবে ব্যবহার করায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য আরও একটি বিশেষ সভা আহবান করার সিদ্ধান্ত নেয়া যেতে পারে ।

**সিদ্ধান্ত ঃ** বোরো ২০১৮-১৯ ধানের হাইব্রিড নিবন্ধনের বিষয়ে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির একটি বিশেষ সভা আহবান করে সিদ্ধান্ত নেয়া হবে।

**আলোচ্য বিষয় ৩ : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের IR91820-25BAY2-3-1 অগ্রবর্তী লাইনটি বোরো মৌসুমে বাউ ধান-৩ জাত হিসেবে ছাড়করণ ।**

ক) **IR91820-25BAY2-3-1 (প্রস্তাবিত বাউ ধান-৩)**: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি ইরি ফিলিপাইন হইতে সংগ্রহ করা হয়। এ জাতের জীবনকাল ১৪০-১৪৫ দিন। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৫ গ্রাম। এ জাতের বৈশিষ্ট্য হল ধান ঝড়ে পড়ে না। প্রস্তাবিত বাউ ধান-৩ এর জীবনকাল ব্রি ধান ২৮ এর চাইতে ৪-৫ দিন নাবী এবং উপযুক্ত পরিচর্যা পেলে ফলন ৮ টন/হেঃ পাওয়া যায়।

উক্ত জাতটি ২০১৮-১৯ বোরো মৌসুমে ঢাকা, রাজশাহী, রংপুর, চট্টগ্রাম, যশোর, কুমিল্লা, সিলেট, বরিশাল, বগুড়া ও ময়মনসিংহের ১০টি কৃষি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। ১০টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৭.১২ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান ২৮ এর গড় ফলন ৬.১২ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৪১দিন ও ১৩৭ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS Test) টেষ্ট সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে Flag leaf : attitude of blade, Panicle: exertion, Grain: wt of 1000 fully developed grains, Grain length (without dehulling), Polished grain: size of white core or chalkiness মোট ৫টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান২৮ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

এ বিষয়ে প্রফেসর ড. লুৎফুল হাসান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ বলেন, ফলাফল প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, প্রস্তাবিত জাতটি ২০১৮-১৯ বোরো মৌসুমে ঢাকা, রাজশাহী, রংপুর, চট্টগ্রাম, যশোর, কুমিল্লা, সিলেট, বরিশাল, বগুড়া ও ময়মনসিংহের ১০টি কৃষি অঞ্চলের ১০টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। এছাড়া চেক জাত ব্রি ধান২৮ এর চেয়ে ১(এক) টন/হেক্টর ফলন বেশি। জাতটি ছাড়করণ হলে ব্রি ধান২৮ এর বিকল্প হিসেবে চাষাবাদ করা যাবে। প্রস্তাবিত জাতটির ছাড়করণ বিষয়ে উপস্থিত কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের জন্য সুপারিশ করার মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ **বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারিটি (IR91820-25BAY2-3-1) বোরো মৌসুমে বাউ ধান-৩ জাত হিসেবে সারা দেশে চাষাবাদের জন্য ছাড়করনের সুপারিশ করা হল।**

**আলোচ্য বিষয় ৪ : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর ৩ টি কৌলিক সারি (ক) BR-SF (Rang)-PL1- B (খ) BR-RS (Raj)-PL4-B ও (গ) BR8210-10-3-1-2 যথাক্রমে ব্রি ধান৯৩, ব্রি ধান৯৪ ও ব্রি ধান৯৫ হিসেবে আমন মৌসুমে ছাড়করণ।**

ক) **BR-SF (Rang)-PL1-B (প্রস্তাবিত ব্রি ধান৯৩)**: ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)কর্তৃক বিশুদ্ধ কৌলিক সারি সিলেকশন (Pure-line Selection) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়। এ জাতের জীবনকাল ১৩৭ দিন। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৮.৯৫ গ্রাম। এ জাতের প্রধান বৈশিষ্ট্য হল ধানের দানার রং ঈষৎ লালচে। এ ধান ভারতীয় স্বর্ণা ধানের পরিবর্তে চাষযোগ্য।

উক্ত জাতটি ২০১৮-১৯ আমন মৌসুমে ঢাকা, রাজশাহী, রংপুর, দিনাজপুর ও খুলনার ৫টি অঞ্চলের ৯টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৯টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS Test) টেষ্ট সম্পাদন করা হয়েছে। ০৯টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৫.৯১ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৪৯ এর গড় ফলন ৪.৯৬ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৩৪ দিন ও ১৩০ দিন। প্রস্তাবিত জাতটিতে Penultimate leaf: pubescence of blade, Culm: Length, Panicle:

গ) **BR8210-10-3-1-2 (ব্রি ধান৯৫)**: ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি কৃষকের মাঠে আবাদযোগ্য লাল স্বর্ণা এবং Barisail/PSBRC2 এর F1 এর সাথে Three way cross করে বংশানুক্রম সিলেকশনের (Pedigree selection) মাধ্যমে উদ্ভাবিত। এ জাতের অন্যতম বৈশিষ্ট্য হল দানার রং উজ্জল লাল। এ জাতের জীবনকাল ১২৫-১৩০ দিন। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২১.৫ গ্রাম। এই জাতের জীবনকাল ব্রি ধান ৪৯ এর চেয়ে ৭ দিন কম।

উক্ত জাতটি ২০১৮-১৯ আমন মৌসুমে ঢাকা, রাজশাহী, রংপুর, দিনাজপুর ও খুলনার ৫টি অঞ্চলের ৯টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৯টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। ০৯টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৫.৬২ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান ৪৯ এর গড় ফলন ৪.৯৬ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১২৫ দিন ও ১৩১ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS Test) টেষ্ট সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে চেক জাত BR25 হতে Leaf color, Penultimate leaf: pubescence of blade, Culm: length, Panicle:length, Grain:wt of 1000 fully developed grains (at 12%) মোট ৫টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

আলোচনা শুরুতে প্রফেসর ড. মোঃ শহীদুর রশীদ ভুঁইয়া, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, প্রস্তাবিত জাতটি বিশেষ বৈশিষ্ট্য সম্বন্ধে জানতে চান। এ বিষয়ে ড. তমাল লতা আদিত্য, পরিচালক (গবেষণা), ব্রি বলেন, লাল স্বর্ণা এবং Barisail/PSBRC2 এর F1 এর সাথে Three way cross করে বংশানুক্রম সিলেকশনের (Pedigree selection) মাধ্যমে উদ্ভাবিত। তিনি আরও উল্লেখ করে যে, স্বর্ণা ধানের বিকল্প হিসেবে চাষাবাদের জন্য জাতটি নির্বাচন করা হয়েছে। প্রফেসর ড. মোঃ লুৎফুল হাসান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, ঢাকা, রাজশাহী, রংপুর, দিনাজপুর ও খুলনার ৫টি অঞ্চলের ৯টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। তিনি আরও বলেন যে, স্বর্ণা জাতের বিকল্প জাত হিসেবে জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ ব্রি কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারিটি BR8210-10-3-1-2 আমন মৌসুমে ব্রি ধান৯৫ হিসাবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করনের সুপারিশ করা হল।**

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর আমন মৌসুমের জন্য RC-251 লাইনকে প্রস্তাবিত বিনা ধান-২৩ হিসেবে ছাড়করণ।**

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)এর বর্ণনামতে প্রস্তাবিত বিনা ধান-২৩ এর মাতৃজাত IR11T183। কৌলিক সারিটি ইরি-ফিলিপাইন হতে সংগ্রহ করা হয়। জাতটি ৮ ডিএস/মি. মাত্রার লবণাক্ততা ও ১৫ দিন জলমগ্নতা সহ্য করতে পারে। জীবনকাল ১১৫-১২৫ দিন। ১০০০ দানার ওজন ২১.৮ গ্রাম। প্রস্তাবিত বিনা ধান-২৩ এর জীবনকাল চেক জাত ব্রি ধান৭৮ এর হইতে ৮-১০ দিন কম। উক্ত জাতটি ২০১৮-১৯ সনে ঢাকা, খুলনা ও বরিশাল ৩টি অঞ্চলের ৮টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৮টি স্থানের মধ্যে ৬টি স্থানে মাঠ মূল্যায়ন দল কর্তৃক জাতটিকে ছাড়করণের পক্ষে এবং ২ টি স্থানে বিপক্ষে সুপারিশ করা হয়েছে। গড় ফলন প্রস্তাবিত জাতের ৫.৩ টন /হে. এবং চেক জাত ব্রি ধান-৭৮ এর ফলন ৪.৭ টন /হে. পাওয়া গিয়েছে এবং জীবনকাল যথাক্রমে ১২০ দিন ও ১৩০ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতটির পর পর দুই বছর ডি ইউ এস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে Leaf color, Penultimate leaf: pubescence of blade, Spikelet: color of tip of lemma, Decorticated grain:length (After dehulling, before milling), Decorticated grain: shape (length-breadth ratio), Endosperm: content of amylose মোট ৬টি বৈশিষ্ট্যে চেক জাত থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

number of effective tillers in plant, Panicle: exertion, Grain: wt of 1000 fully developed grains (at 12%), Grain length (without dehulling), Decorticated grain: shape (length-breadth ratio) মোট ৭টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান৪৯ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

আলোচনা শুরুতে প্রফেসর ড. মোঃ শহীদুর রশীদ ভুঁইয়া, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, প্রস্তাবিত জাতটি ঢাকা, রাজশাহী, রংপুর, দিনাজপুর ও খুলনার ৫টি অঞ্চলের ৯টি স্থানেই ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে এবং ফলন চেক জাত ব্রি ধান৪৯ এর চেয়ে প্রায় ১ (এক) টন/হেক্টর বেশি। প্রফেসর ড. মোঃ লুৎফুল হাসান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, ব্রি ধান৪৯ এর বিকল্প জাত প্রয়োজন হলে এই জাতটি লাগবে এবং জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ ব্রি কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারিটি BR-SF (Rang)-PL1- B আমন মৌসুমে ব্রি ধান ৯৩ হিসাবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করনের সুপারিশ করা হলো।**

**খ) BR-RS (Raj)-PL4-B (প্রস্তাবিত ব্রি ধান৯৪):** ব্রি এর বর্ণনামতে প্রস্তাবিত কৌলিক সারিটি ব্রি কর্তৃক বিশুদ্ধ কৌলিক সারি সিলেকশন (Pure-line Selection) এর মাধ্যমে উদ্ভাবন করা হয়। এ জাতের জীবনকাল ১৩৪ দিন। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ১৮.৬ গ্রাম। এ জাতের অন্যতম বৈশিষ্ট্য হলো ডিগ পাতা অর্ধখাড়া ও লম্বা।

উক্ত জাতটি ২০১৮-১৯ আমন মৌসুমে ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, রংপুর, দিনাজপুর ও খুলনার ০৬টি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ০৮টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে এবং ০২টি স্থানে ছাড়করণের বিপক্ষে মতামত দিয়েছে। ১০টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৫.৮৯ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান ৪৯ এর গড় ফলন ৫.০৬ টন/হেক্টর এবং জীবনকাল যথাক্রমে ১৩৪ দিন ও ১৩০ দিন। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS Test) টেষ্ট সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে চেক জাত BRRI dhan52 হতে Culm diameter, Panicle: length, Grain: wt of 1000 fully developed grain (at 12%), Grain: length (without dehulling) মোট ৪টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

আলোচনা শুরুতে প্রফেসর ড. মোঃ শহীদুর রশীদ ভুঁইয়া, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, প্রস্তাবিত জাতটির বিশেষ বৈশিষ্ট্য সম্বন্ধে জানতে চান। এ বিষয়ে ড. তমাল লতা আদিত্য, পরিচালক (গবেষণা), ব্রি বলেন, প্রস্তাবিত ব্রি কর্তৃক বিশুদ্ধ কৌলিক সারি সিলেকশন (Pure-line Selection) এর মাধ্যমে উদ্ভাবন করা হয় । তিনি আরও উল্লেখ করে যে, দীর্ঘদিন যাবত স্বর্ণা ধানের বিকল্প জাত ছাড়করনের বিষয়ে চাহিদা রয়েছে। স্বর্ণা ধানের বিকল্প হিসেবে চাষাবাদের জন্য জাতটি নির্বাচন করা হয়েছে। ড. কে এম ইফতেখারুদ্দৌল্লা, প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ (ব্রি) বলেন, জেনেটিক ডাইভারসিটি বজায় রাখার জন্য স্বর্ণা আবাদ এলাকায় (রংপুর, রাজশাহী ও দিনাজপুর) জাতটি ছাড়করণের ব্যবস্থা নেয়া যেতে পারে। প্রফেসর ড. মোঃ লুৎফুল হাসান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, স্বর্ণা জাতের বিকল্প জাত হিসেবে এবং জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের জন্য লোকেশন স্পেসিফিক জাত হিসেবে সুপারিশ করা যেতে পারে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের কৌলিক সারিটি (**BR-RS (Raj)-PL4-B**) আমন মৌসুমে ব্রি ধান ৯৪ হিসাবে রংপুর, রাজশাহী ও দিনাজপুর এলাকায় চাষাবাদের জন্য ছাড়করনের সুপারিশ করা হল।

আলোচনার শুরুতে ড. মির্জা মোফাজ্জল ইসলাম, সিএসও ও প্রধান উদ্ভিদ প্রজনন বিভাগ (বিনা), পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রস্তাবিত ধানের জাতের গুণাগুণ বিস্তারিতভাবে উপস্থিত সদস্যবৃন্দকে অবহিত করেন। তিনি বিশেষভাবে উল্লেখ করেন যে, জাতটি ৮ডিএস/মি. মাত্রার লবণাক্ততা ও ১৫ দিন জলমগ্নতা সহ্য করতে পারে। জীবনকাল চেক জাত ব্রি ধান৭৮ এর চেয়ে ১০ দিন কম। এ বিষয়ে ড. এ কে এম সামসুল হক, পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি বলেন, জাতটি ৮ ডিএস/মি. মাত্রার লবণাক্ততা সহিষ্ণু হলে উচ্চ লবনাক্তা সহ্য করতে পারবে না। প্রফেসর ড মোঃ লুৎফুল হাসান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত ধানের জাতটি চেক জাতের চেয়ে জীবনকাল ১০ (দশ) দিন কম এবং ফলনও বেশি।। ফলে জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত ধানের একটি কৌলিক সারিটি (RC-251) আমন মৌসুমে বিনা ধান-২৩ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

## আলোচ্য বিষয় ৬: ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতির খসড়া গাইড লাইন অনুমোদন

ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও গাইডলাইন প্রণয়নের লক্ষ্যে জাতীয় বীজ বোর্ডের ৯৮ তম সভার আলোচ্য বিষয়-২.২ এর সিদ্ধান্ত ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর এর পত্রের আলোকে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি উপকমিটি গঠন করা হয়। উক্ত কমিটি পরপর ০২ (দুই) টি সভা করে ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতির গাইড লাইনের খসড়া চূড়ান্ত করেন। আলোচনার শুরুতে ড. সমজিত কুমার পাল, পরিচালক (গবেষণা), বিএসআরআই, ঈশ্বরদী বলেন, প্রস্তাবিত খসড়া গাইডলাইন দুইটিতে কয়েকটি বানান সংশোধন করতে হবে এবং দুই/এক জায়গায় টেকনিক্যাল সংশোধনীর প্রয়োজন হবে। এ বিষয়ে মো: শাহ্জাহান আলী, উপদেষ্টা, বাংলাদেশ সীড এসোসিয়েশন বলেন, আখ ফসলে সরকারের দুইটি মন্ত্রণালয় জড়িত। তাই কমিটিতে শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি থাকা প্রয়োজন। এ বিষয়ে অদ্যকার সভার সভাপতি মহোদয় বলেন, ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতির বিষয়ে জাতীয় বীজ বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিশেজ্ঞদের সমন্বয়ে কমিটি গঠন করা হয়েছে। অন্য মন্ত্রণালয়ের প্রতিনিধি নেয়ার সুযোগ নেই। এ বিষয়ে ০২ (দুই) জন সদস্যকে নিয়ে গাইডলাইন দুইটির বানান ও কারিগরি তথ্যাদি যাচাই করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ড. সমজিত কুমার পাল, পরিচালক (গবেষণা), বিএসআরআই, ঈশ্বরদী ও মো: শাহ্জাহান আলী, উপদেষ্টা, বাংলাদেশ সীড এসোসিয়েশন এর মাধ্যমে ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতির খসড়া গাইড লাইন দুইটির বানান ও কারিগরি তথ্যাদি যাচাই করে জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

## আলোচ্য বিষয় ৭: কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক ১০টি আলুর জাত ছাড়করণ।

**প্রস্তাবিত বারি আলু -৮২ (১১.৬৮) ঃ**

কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক উদ্ভাবিত প্রস্তাবিত উচ্চ ফলনশীল খাবার আলুর জাত ১১.৬৮। উক্ত জাতটি ২০১৭-১৮ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৬ টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৪১.৩৬ টন/হেঃ এবং চেক জাত বারি আলু -২৫ (Asterix) এর ফলন ৩২.৩৯ টন/হেঃ। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে (Light sprout : shape, LS : anthocyanin coloration of base, LS : intensity of antho.color of tip, stem : extension of anthocyanin coloration, Leaf Let : frequency coalescence, Leaf Let : glossiness of uper side, Tuber : color of skin ) চেক জাত এসটেরিক্স থেকে ৭টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে ।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, উচ্চ ফলনশীল {৪২.৪৯ (২৫.৭১-৫১.৬০) টন/হে:}, শুষ্ক পদার্থ সমৃদ্ধ ২০.০৭ (১৭.৫৫-২৪.৮৫%)। আলু ডিম্বাকৃতি থেকে লম্বা ডিম্বাকৃতি ও চামড়ার রং বেগুনী। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর কৌলিক সারিটি (১১.৬৮) বারি আলু-৮২ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

**প্রস্তাবিত বারি আলু -৮৩ (Cimega) ঃ**

প্রস্তাবিত জাতটি বিদেশী জাত এবং ইন্ট্রোডাকসনের মাধ্যমে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক নির্বাচিত। ২০১৭-১৮ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৫টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে ১টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৬ টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৪১.৪৭ টন/হে. এবং চেক জাত বারি আলু৭ (Diamant) এর ফলন ৩২.৬২ টন/হে:। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত (Light sprout : shape, LS : pubescence of base, Light sprout : intensity of antho, color of tip, Light sprout : pubescence of tip, Leaf Let : frequency of coalescence, Leaf Let : glossiness of upper side) জাতটিতে চেক জাত থেকে ৫টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, আগাম জাত (৬৫ দিনে গড় ফলন ৩০.৭৮ টন/হে:), উচ্চ ফলনশীল {৪৪.৬৩ (৩৮.১৮-৫০.৫২) টন/হে:}, খেতে সুস্বাদু, আলু হলুদ চামড়ার ডিম্বাকৃতি, বড় আকারের আলুর পরিমাণ (৭০.০৫% >৪০মি.মি. এর বেশি) এবং সুপ্তিকাল বেশি (৭০-৭৫ দিন)। এই জাতটির রপ্তানী উপযোগীতা রয়েছে। জাতটি সাধারণ তাপমাত্রায় ২ মাস এর বেশি সময় সংরক্ষণ করা যায়। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর জাত (Cimega)কে বারি আলু-৮৩ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

**প্রস্তাবিত বারি আলু-৮৪ (Memphis) ঃ**

প্রস্তাবিত জাতটি বিদেশী জাত এবং ইন্ট্রোডাকসনের মাধ্যমে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক নির্বাচিত । ২০১৭-১৮ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুর সহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে, মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৪৪.১১ টন/হে: এবং চেক জাত বারি আলু ৭ (Diamant) এর ফলন ৩২.৩৭ টন/হে:। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে (Leaf : size, Leaf Let : size, Lateral leaflet : frequency of secondary leaflet, Lateral leaflet : size of secondary leaflet) চেক জাত এসটেরিক্স থেকে মোট ৪টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, উচ্চ ফলনশীল {৪৩.১৭ (৩১.৭২-৫২.৩৫) টন/হে:}, আলু লাল চামড়ার ডিম্বাকৃতি এবং রোগ ও পোকামাকড়ের প্রকোপ কম। বড় আকারের আলুর পরিমাণ ৬০ শতাংশের বেশী এবং সুপ্তিকাল ৬০-৬৫ দিন থাকায় এই জাতটির রপ্তানী উপযোগীতা রয়েছে। জাতটি সাধারণ তাপমাত্রায় ২ মাস সংরক্ষণ করা যায়। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত :বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর জাত (Memphis)কে বারি আলু-৮৪ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

প্রস্তাবিত বারি আলু-৮৫ (7 four7) ঃ

প্রস্তাবিত জাতটি বিদেশী জাত এবং ইন্ট্রোডাকসনের মাধ্যমে খাবার আলু হিসেবে লক্ষ্যে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক নির্বাচিত । ২০১৭-১৮ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৫টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে ১টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৬ টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৪০.৬৪ টন/হে. এবং চেক জাত বারি আলু-৭ (Diamant) এর ফলন ৩১.৬৩ টন/হে. । বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত (Light sprout: shape, LS: anthocyanin coloration of base, LS : intensity of antho. Color of tip, Leaf Let : glossiness of apper side, Terminal leaflet : frequency of secondary leafleats, Tuber : color of fresh) জাতটিতে চেক জাত থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে ।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, আগাম জাত (৬৫ দিনে গড় ফলন ৩১.২০ টন/হে:), উচ্চ ফলনশীল {৪৬.১৫ (৩৮.৯৪-৫৪.৪৫) টন/হে:}, আলু হলুদ রংয়ের ও ডিম্বাকৃতি। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর জাত (7 four7)কে বারি আলু-৮৫ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

প্রস্তাবিত বারি আলু-৮৬ (12.13) ঃ

কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক উদ্ভাবিত প্রস্তাবিত উচ্চ ফলনশীল খাবার আলুর জাত ১২.১৩। প্রস্তাবিত জাতটি ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুর সহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে অনস্টেশন ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৬ টি স্থানে প্রস্তাবিত জাতের অনস্টেশনে গড় ফলন ৫১.৩৪ টন/হে. এবং চেক জাত বারি আলু-২৫ (Asterix) এর ফলন ৩৬.৭৭ টন/হে. ।

প্রস্তাবিত জাতটি ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা ও খুলনাসহ ২টি অঞ্চলের ৩টি স্থানে অনফার্ম ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৩টি স্থানের মধ্যে ২টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন ও ১ টিতে বিপক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৩ টি স্থানে প্রস্তাবিত জাতের অনফার্মে গড় ফলন ৪২.১৫ টন/হে. এবং চেক জাত বারি আলু-২৫ (Asterix) এর ফলন ৩২.৩৮ টন/হে. । বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে (Light sprout : shape, Leaf : intensity of green color, Leaf Let : frequency coalescence, LeafLet : anthocyanin pigmentation of blade of young leaflet of apical, rosette, plant : time of maturity) চেক জাত এসটেরিক্স থেকে ৫টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, আগাম জাত (৬৫ দিনে গড় ফলন ৩৩.৬৮ টন/হে:), উচ্চ ফলনশীল {৪৯.১৫ (৩৪.৮৪-৬০.৭২) টন/হে:}, আলু লাল চামড়ার লম্বা ডিম্বাকৃতি বড় আকারের আলুর পরিমাণ (৬২.৯৮% >৪০ মি.মি. এর বেশি) এবং সুপ্তিকাল বেশি (৮০-৮৫ দিন)। এই জাতটির রপ্তানী উপযোগীতা রয়েছে। জাতটি সাধারণ তাপমাত্রায় ২ মাস এর বেশি সময় সংরক্ষণ করা যায়। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত :বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর কৌলিক সারিটি (১২.১৩) বারি আলু-৮৬ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

**প্রস্তাবিত বারি আলু-৮৭ (CIP 225) ঃ**

প্রস্তাবিত জাতটি আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র হতে আনয়নকৃত আলুর ক্লোন এর মধ্য হতে নির্বাচিত। ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুর সহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে অনস্টেশন ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের অনস্টেশনে গড় ফলন ৬০.৮২ টন/হে.এবং চেক জাত বারি আলু-৭ (Diamant) এর ফলন ৪১.৯২ টন/হে.।

প্রস্তাবিত জাতটি ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা ও খুলনা সহ ২টি অঞ্চলের ৩টি স্থানে অনফার্ম ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৩টি স্থানের মধ্যে ৩টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৩টি স্থানে প্রস্তাবিত জাতের অনফার্মে গড় ফলন ৪৬.৯৭ টন/হে. এবং চেক জাত বারি আলু-৭ (Diamant) এর ফলন ৩২.১৬ টন/হে.। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে (Light sprout : intensity anthocyanin coloration of base, stem : thickness of main stem, Leaf let : frequency coalescence, Leaf Let : glossiness of uper side ) চেক জাত ডায়মন্ট থেকে ৪টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, উচ্চ ফলনশীল {৫৭.২৫ (৫২.৮৪-৬৩.২৬) টন/হে:}, আলু হলুদ চামড়ার লম্বা ডিম্বাকৃতি, ডিম্বাকৃতি বড় আকারের আলুর পরিমাণ (৬২.৯৮% >৪০ মি.মি. এর বেশি) এবং সুপ্তিকাল বেশি (৭০-৮০ দিন)। এই জাতটির রপ্তানী উপযোগীতা রয়েছে। জাতটি সাধারণ তাপমাত্রায় ২ মাস এর বেশি সময় সংরক্ষণ করা যায়। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত :বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর জাত (CIP 225)কে বারি আলু-৮৭ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

**প্রস্তাবিত বারি আলু-৮৮ (CIP 239) ঃ**

প্রস্তাবিত জাতটি আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র হতে আনয়নকৃত আলুর ক্লোন এর মধ্য হতে খাবার আলু হিসেবে নির্বাচিত। ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুর সহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে অনস্টেশন ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৫টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে এবং ১টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৬ টি স্থানে প্রস্তাবিত জাতের অনস্টেশনে গড় ফলন ৫০.৯২ টন/হে. এবং চেক জাত বারি আল-২৫ (Asterix) এর ফলন ৩৯.২৫ টন/হে. ।

প্রস্তাবিত জাতটি ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা ও খুলনা সহ ২টি অঞ্চলের ৩টি স্থানে অনফার্ম ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৩টি স্থানের মধ্যে ৩টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৩ টি স্থানে প্রস্তাবিত জাতের অনফার্মে গড় ফলন ৪৩.৬৬ টন/হে. এবং চেক জাত বারি আলু-২৫ (Asterix) এর ফলন ৩২.৩৮ টন/হে.। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে (Leaf : extension of anthocyanin coloration of midrid & Leaf Let (midrid) : frequency of secondary leaflets) চেক জাত এসটেরিক্স থেকে ২টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, আগাম জাত (৬৫ দিনে গড় ফলন ৩৬.৮৫ টন/হে:), উচ্চ ফলনশীল {৪৮.১৭ (৩২.২৭-৬২.০৯) টন/হে:}, আলু লাল চামড়ার ও লম্বা ডিম্বাকৃতি এবং রোগ ও পোকামাকড়ের প্রকোপ কম। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত :বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর জাত (CIP 239)কে বারি আলু-৮৮ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

প্রস্তাবিত বারি আলু-৮৯ (Fortus) ঃ

প্রস্তাবিত জাতটি বিদেশী জাত এবং ইন্ট্রোডাকসনের মাধ্যমে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক নির্বাচিত । ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুর সহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে অনস্টেশন ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৩টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে এবং ৩টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৬ টি স্থানে প্রস্তাবিত জাতের অনস্টেশনে গড় ফলন ৪৩.৮২ টন/হেঃ এবং চেক জাত বারি আলু-৭ (Diamant) এর ফলন ৪১.৯২ টন/হেঃ।

প্রস্তাবিত জাতটি ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা ও খুলনা সহ ২টি অঞ্চলের ৩টি স্থানে অনফার্ম ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৩টি স্থানের মধ্যে ২টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে এবং ১টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৩ টি স্থানে প্রস্তাবিত জাতের অনফার্মে গড় ফলন ৩৩.৭১ টন/হেঃ এবং চেক জাত বারি আলু-৭ (Diamant) এর ফলন

৩২.১৬ টন/হেঃ। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে (Light sprout : shape, stem : thickness of main stem, Leaf let : glossiness of uper side, Terminal Leaflet : frequency of secondary leaflets, plant : time of maturity, Tuber : shape) চেক জাত ডায়মন্ট থেকে ৬টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, আগাম জাত (৬৫ দিনে গড় ফলন ৩০.৫৩ টন/হেঃ), উচ্চ ফলনশীল {৪২.৯৩ (৩৪.৮০-৫০.৬৩) টন/হেঃ}, আলু হলুদ চামড়ার ডিম্বাকৃতি ও বড় আকারের আলুর পরিমাণ (৬৭.২৬% >৪০ মি.মি. এর বেশি) এবং সুপ্তিকাল বেশি (৭০-৭৫ দিন) তাই জাতটির রপ্তানী উপযোগীতা রয়েছে। জাতটি সাধারণ তাপমাত্রায় ২ মাস এর বেশি সময় সংরক্ষণ করা যায়। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত :বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর জাত (Fortus)কে বারি আলু-৮৯ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

প্রস্তাবিত বারি আলু-৯০ (Aluettee) ঃ

প্রস্তাবিত জাতটি বিদেশী জাত এবং ইন্ট্রোডাকসনের মাধ্যমে লেইট ব্লাইট প্রতিরোধী হিসেবে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক নির্বাচিত । ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা, রাজশাহী ও রংপুর সহ ৩টি অঞ্চলের ৩টি স্থানে অনস্টেশন ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৩টি স্থানের মধ্যে ২টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন ও ১টি স্থানে পূণরায় ১ (এক) বছর ট্রায়াল করার সুপারিশ করেন। ট্রায়ালকৃত ৩টি স্থানে প্রস্তাবিত জাতের অনস্টেশনে গড় ফলন ৪২.০৮ টন/হেঃ এবং চেক জাত বারি আলু ৭৭ (Sarpo Mira) এর ফলন ৩৯.৫৬ টন/হেঃ।

প্রস্তাবিত জাতটি ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা, রাজশাহী ও রংপুর সহ ৩টি অঞ্চলের ৩টি স্থানে অনফার্মে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৩টি স্থানের মধ্যে ১টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে এবং ১টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছেন ও ১টি স্থানে পূণরায় ১ (এক) বছর ট্রায়াল করার সুপারিশ করেন। ট্রায়ালকৃত ৩টি স্থানে প্রস্তাবিত জাতের অনফার্মে গড় ফলন ৩৬.৯৭ টন/হেঃ এবং চেক জাত বারি আলু-৭৭ (Sarpo Mira) এর ফলন ২৭.৫৪ টন/হেঃ। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে (Light sprout : pubescence of base, plant : height, plant : growth habit, stem : extension of anthocyanin coloration, Leteral leaflet : size of secondary leaf let, plant : time of maturity, Tuber : color of flesh) চেক জাত এসটেরিক্স থেকে ৭টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, উচ্চ ফলনশীল {৫০.২৪ (৪৪.০৩-৫৭.৩৩) টন/হেঃ}, আলু লাল রংয়ের ডিম্বাকৃতির ও বড় আকারের আলুর পরিমাণ (৬০.৪১% >৪০

মি.মি. এর বেশি) এবং সুপ্তিকাল বেশি (৮০-৮৫ দিন) তাই জাতটির রপ্তানী উপযোগীতা রয়েছে এবং এই জাতটি নাবীধ্বসা রোগ প্রতিরোধী। জাতটি সাধারণ তাপমাত্রায় ২ মাস এর বেশি সময় সংরক্ষণ করা যায়। এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর জাত (Aluettee)কে বারি আলু-৯০ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

**প্রস্তাবিত বারি আলু-৯১ (Carolus) ঃ**

প্রস্তাবিত জাতটি বিদেশী জাত এবং ইন্ট্রোডাকসনের মাধ্যমে লেইট ব্লাইট প্রতিরোধী হিসেবে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক নির্বাচিত । ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা, রাজশাহী ও রংপুর সহ ৩টি অঞ্চলের ৩টি স্থানে অনস্টেশন ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৩টি স্থানের মধ্যে ২টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে এবং ১টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছেন। ট্রায়ালকৃত ৩টি স্থানে প্রস্তাবিত জাতের অনস্টেশনে গড় ফলন ৩৭.৩২ টন/হেঃ এবং চেক জাত বারি আলু-৭৭ (Sarpo Mira) এর ফলন ৪৩.৯৮ টন/হেঃ।

প্রস্তাবিত জাতটি ২০১৮-১৯ রবি মৌসুমে ঢাকা, রাজশাহী ও রংপুর সহ ৩টি অঞ্চলের ৩টি স্থানে অনফার্মে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৩টি স্থানের মধ্যে ১টি স্থানে জাতটিকে মাঠ মূল্যায়ন দল কর্তৃক ছাড়করণের পক্ষে এবং ১টি স্থানে ট্রায়াল ক্ষতিগ্রস্থ হয়েছে ও ১টি স্থানে কোন মতামত দেননি। ট্রায়ালকৃত ২ টি স্থানে প্রস্তাবিত জাতের অনফার্মে গড় ফলন ৩১.৮৩ টন/হে. এবং চেক জাত বারি আলু-৭৭ (Sarpo Mira) এর ফলন ২৭.১২ টন/হে.। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট (DUS Test) সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটিতে (Light sprout : shape, Leaf Let : frequency coalescence, Leaf Let : glossiness of uper side, Leaf Let Imidrib) : frequency of secondary leaflets, Terminal leaflet : frequency of secondary leaflets, Tuber : color of skin, Tuber of flesh) চেক জাত ডায়মন্ট থেকে ৭টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা রয়েছে।

আলোচনা শুরুতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, প্রস্তাবিত আলুর জাতটির বিশেষ বৈশিষ্ট্য হল, আলু খাট ডিম্বাকৃতি থেকে ডিম্বাকৃতি ও হলুদ চামড়ার (লাল রংয়ের শেড আছে), সুপ্তিকাল বেশি (৭০-৭৫ দিন) এবং নাবীধ্বসা রোগ প্রতিরোধী । জাতটি সাধারণ তাপমাত্রায় ২ মাস এর বেশি সময় সংরক্ষণ করা যায় । এ বিষয়ে কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করনের জন্য সুপারিশ করা যেতে পারে বলে মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর জাত (Carolus)কে বারি আলু-৯১ হিসেবে ছাড়করনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল ।**

Table-3 List of the Introduced proposed Variety with owner as well as Original Breeding Company/ Organization

| SI.No | Name of the Germplasm/Variety | Proposed Name | Proposed of the Owner Company/Organization | Name of the Original Breeding Company/Organization |
|---|---|---|---|---|
| 1. | Cimega | BARI Alu-83 (Cimega) | Giant Agro Processing Limited | DANESPO A/S, Denmark |
| 2. | Memphis | BARI Alu-84 (Memphis) | M/S Eastern Trade Corporation | HZPC, Netherlands |
| 3. | 7 four 7 | BARI Alu-85 (7 four 7) | M/S Agriconcern | Europlant GmbH, Germany |
| 1. | Fortus | BARI Alu-89 (Fortus) | M/S Eastren Trade Corporation | HZPC, Netherlands |
| 2. | Alouette | BARI Alu-90 (Alouette) | Mailk and Company Private Limited | AGRICO, Netherlands |
| 3. | Carolus | BARI Alu-91 (Carolus) | Mailk and Company Private Limited | AGRICO, Netherlands |

**আলোচ্যসূচী ৮ ঃ বিবিধ- আলুকে অনিয়ন্ত্রিত ফসল হিসেবে ঘোষণা**

বীজ আইন ২০১৮ এর ৭ (২)-"সরকার, বোর্ডের সহিত পরামর্শক্রমে, যদি এই মর্মে মনে করে যে, কোনো ফসল বা জাতের বীজ বিক্রয়, বিতরণ, বিনিময়, আমদানি ও রপ্তানি বা অন্য কোনো ভাবে সরবরাহ নিয়ন্ত্রণ করা প্রয়োজন বা সমীচীন, তাহা হইলে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত ফসল বা জাতকে নিয়ন্ত্রিত ফসল বা জাত হিসেবে নির্ধারণ করিতে পারিবে এবং ভিন্ন ভিন্ন এলাকার জন্য ভিন্ন ভিন্ন ফসল বা জাত নিয়ন্ত্রিত হিসেবে নির্ধারন করিতে পারিবে"। বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা ফেব্রুয়ারি ৪, ২০১৮ প্রকাশিত কৃষি মন্ত্রণালয়ের বীজ অনুবিভাগের প্রজ্ঞাপন নং-১২.০০.০০০০.০৯৮.১৭.০০১.০৪.০৪; তাং-০২ জানুয়ারি ২০১৮ এর আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ পদ্ধতির ২.৩.১০ এর বর্ণিত "জাতীয় বীজ বোর্ড (NSB), কারিগরি কমিটির সুপারিশকৃত আলুর জাতের সার্বিক তথ্য উপাত্ত বিশ্লেষণ করে অবমুক্তির জন্য উপযুক্ত হলে জাতটিকে অবমুক্ত করবে। অবমুক্তায়নের পরই জাতটি এদেশে চাষের জন্য যোগ্য বিবেচিত হবে"। এ বিষয়ে ড. মো: জাকির হোসেন (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর বলেন, আলু নিয়ন্ত্রিত ফসল বিধায় রপ্তানিযোগ্য জাতসমূহ "আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ পদ্ধতি" অনুসরণ করে ছাড়করণের ব্যবস্থা নেয়া হচ্ছে। অদ্যকার সভায় রপ্তানীযোগ্য জাতসমূহ ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডের সুপারিশ করা হয়েছে। এ বিষয়ে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, বিএআরআই বলেন, আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ পদ্ধতিতে উল্লেখ রয়েছে. "রপ্তানিযোগ্য জাতের একক আলুর ওজন কমপক্ষে ৫০ গ্রাম হতে হবে এবং স্বাভাবিক তাপমাত্রায় ৭৫ দিন সুপ্ত অবস্থায় থাকবে"। নিবন্ধন পদ্ধতি অনুসরণ করে রপ্তানিযোগ্য আলুর জাত ছাড়করণে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হয়নি। সংযোগ চাষীর মাধ্যমে মান নিয়ন্ত্রণ করে পূর্বের রপ্তানিযোগ্য আলুর জাতসমূহ ও বর্তমানে ছাড়করণের জন্য সুপারিশকৃত জাতসমূহ আমদানীর মাধ্যমে চাষ করলে রপ্তানিযোগ্য আলুর বীজের সমস্যা হওয়ার কথা নয় । এ ছাড়াও তিনি উল্লেখ করেন এত অল্প সময়ে জাত অবমুক্তি পৃথিবীর অন্য কোথাও নেই। এ প্রসঙ্গে ড. মো: শহীদুর রশীদ ভুঁইয়া, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, দেশের কৃষি ও কৃষকের কথা বিবেচনা করে আলু ফসলের মতো একটি গুরুত্বপূর্ন ফসলকে অনিয়ন্ত্রিত ফসল হিসেবে বিবেচনা করার সুযোগ নেই। প্রফেসর ড. মোঃ লুৎফুল হাসান, ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, এ বিষয়ে একমত পোষণ করেন। তিনি আরও বলেন যে, বীজ আইন ২০১৮ অনুযায়ী প্রয়োজনে অনিয়ন্ত্রিত ফসলকে নিয়ন্ত্রিত ফসল হিসেবে ঘোষণা করার নির্দেশনা রয়েছে। ড. এ কে এম সামসুল হক, পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই বলেন, আলুকে অনিয়ন্ত্রিত ফসল করা হলে বাধাহীনভাবে বিদেশ থেকে নতুন নতুন রোগবালাই প্রবেশ করে দেশের আলু উৎপাদনে ধস নামাতে পারে। এ বিষয়ে উপস্থিত কমিটির সকল সদস্যগণ একমত পোষণ করেন যে, দেশের কৃষি ও কৃষকের

কথা বিবেচনা করে আলু ফসলের মতো একটি গুরুত্বপূর্ণ ফসলকে অনিয়ন্ত্রিত ফসল হিসেবে বিবেচনা করার সুযোগ নেই এবং "আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ পদ্ধতি" অনুসরণ করে রপ্তানিযোগ্য আলুর জাত ছাড়করণের মাধ্যমে আলু বীজ আমদানী করা যুক্তিযুক্ত। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ দেশের কৃষি ও কৃষকের কথা বিবেচনা করে আলু ফসলের মতো একটি গুরুত্বপূর্ণ ফসলকে অনিয়ন্ত্রিত ফষল হিসেবে বিবেচনা করা সমীচীন হবে না এবং "আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধীকরণ" পদ্ধতি অনুসরণ করে রপ্তানিযোগ্য আলুর জাত ছাড়করণ পূর্বক আলু বীজ আমদানী করার ব্যবস্থা নেয়া যেতে পারে।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

১৬.২.১২

ড. মোঃ কবির ইকরামুল হক
নির্বাহী চেয়ারম্যান
বিএআরসি, ফার্মগেট
ও সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি।

১২.৮০৬.০২২.০১.০০.০০৫.২১১- ৪৮২৭ তারিখ-১৭/৯/২০১৯খ্রীঃ

*বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )।*

১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা -১২১৫.....সভাপতি।
২। অধ্যাপক ড. লুৎফুল হাসান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ.....সদস্য।
৩। অধ্যাপক ড. শহীদুর রশিদ ভূঁইয়া, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা .....সদস্য।
৪। অধ্যাপক ড. নাসরিন আক্তার আইভি, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ,বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়.....সদস্য।
৫। সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা.....সদস্য।
৬। মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০.....সদস্য।
৭। পরিচালক (সরেজমিন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা.....সদস্য।
৮। পরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর.....সদস্য।
৯। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর.....সদস্য।
১০। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর.....সদস্য।
১১। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ.....সদস্য।
১২। পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা.....সদস্য।
১৩। পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা.....সদস্য।
১৪। পরিচালক (গবেষণা), বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর.....সদস্য।
১৫। অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর.....সদস্য।
১৬। প্রধান বীজ প্রযুক্তিবিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা .....সদস্য।
১৭। কটন এগ্রোনমিষ্ট, তুলা উন্নয়ন বোর্ড, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর.....সদস্য।
১৮। বাংলাদেশ সীড এসোসিয়েশন কর্তৃক মনোনীত ২ জন প্রতিনিধি.....সদস্য।
১৯। সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি.....সদস্য।
২০। সভাপতি, বাংলাদেশ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন সমিতি.....সদস্য।
২১। জনাব ফজলুল হক সরকার (হান্নান), কৃষক প্রতিনিধি, ৫/৩ এ, মনিপুরী পাড়া, ঢাকা-১২১৫.....সদস্য।
২২।.....।

অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপিঃ

মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

১৭/৯/১৯

কিংকর চন্দ্র দাস
পরিচালক
ও
সদস্য সচিব
জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি
টেলিফোন নং-৪৯২৬৩৫১২
(director@sca.gov.bd)